আজকের কাগজ

তারিখ 07 SEP 1992
পৃষ্ঠা ৬ কলাম ৭

০৪

# ষড়যন্ত্রের শিকার খুলনা চারুকলা মহাবিদ্যালয়

খুলনা বিভাগের একমাত্র চারুকলা মহাবিদ্যালয় 'খুলনা আর্ট কলেজ' এখন ষড়যন্ত্রের শিকার। নানাবিধ সমস্যায় কলেজের লেখাপড়া বিনষ্ট হচ্ছে। অভিযোগে বলা হয়েছে, '৯০ সালের ১১ আগস্ট তৎকালীন প্রধানমন্ত্রী এবং স্থানীয় প্রশাসনের উদ্যোগে খুলনা আর্ট কলেজটি গল্লামারী থেকে বয়রায় স্থানান্তর করা হয়। বয়রার পরিত্যক্ত পাবলিক স্কুল এলাকার চার দশমিক ৩২ একর জমি স্থায়ীভাবে এবং নগদ ৬ লাখ টাকা খুলনা আর্ট কলেজকে বরাদ্দ দেয়া হয়। পরবর্তীতে খুলনা আর্ট কলেজের নামে স্থায়ী বরাদ্দকৃত জমির ওপর নির্মিত হয় একটি শিক্ষা অফিস।

বর্তমানে খুলনা আর্ট কলেজের বরাদ্দকৃত জমিতে একটি মাধ্যমিক বিদ্যালয় নির্মাণ করার প্রচেষ্টা চলছে। এমনকি ইতিমধ্যেই একটি সাইনবোর্ডও টাঙ্গানো হয়েছে। খুলনা আর্ট কলেজের বরাদ্দকৃত জমির মধ্যকার পুকুর, জলাশয়, গাছ-পালা সাধারণ জনসাধারণের কাছে ইজারা দিয়ে স্থানীয় প্রশাসন সংগৃহীত অর্থ সরকারি খাতে জমা করছে। ফলে কলেজটি আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে এবং পড়াশুনার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। ভুক্তভোগী মহল এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু সুদৃষ্টি কামনা করেছেন। দৌলতপুর থেকে সংবাদদাতা।